



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৭০০০.০১৭.২৭.০০১.২০২০- ৫৯ (ক)

তারিখ: ০৪ মাঘ, ১৪২৭
১৮ জানুয়ারি, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার কানসাট ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ০৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: ফেরদৌসী বেগম (বুচিয়া) এর বিরুদ্ধে সাধারণ জনগণের নিকট হতে সরকারী বিভিন্ন ভাতা দেয়ার নাম করে অর্থ আদায়ের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৬/১১/২০২০ তারিখে ১২৩৩ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার কানসাট ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ০৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: ফেরদৌসী বেগম (বুচিয়া) কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বর্ণিত ইউনিয়ন পরিষদের সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার কানসাট ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ০৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব মোছা: ফেরদৌসী বেগম (বুচিয়া)-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারার অপরাধে তাকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৮-০১-২০২১
(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

৯৫৮-৬৬০৫

Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১৮০০.০১৭.২৭.০০১.২০২১- ৫৯

তারিখ: ০৪ মাঘ, ১৪২৭
১৮ জানুয়ারি, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। জনাব মোছা: ফেরদৌসী বেগম (বুচিয়া), ৭, ৮ ও ০৯নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য (অপসারণকৃত), কানসাট ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৯। অফিস কপি।

১৮-০১-২০২১
(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব